শুক্রবার
- রেজি: নং-জে.প্র.ঢা/
- প্রকা. ৩৩/2005
- ডিএ নং- ৪০৫৫
- বর্ষ-১৬
- সংখ্যা-৫১তম
- ২৭ ডিসেম্বর ২০২৪
- ১২ পৌষ ১৪৩১
- ২৫ জমাদিউস সানি ১৪৪৬
- পৃষ্ঠা 4 ● মূল্য ১০ টাকা

saptahikchakrisongbad.com

সাপ্তাহিক চাকরির সংবাদ

লক্ষ কোটি বেকার তরুণ-তরুণীর প্রিয় পত্রিকা

পুরো ৭ দিনের সরকারি/ বেসরকারি চাকরির তথ্য নিয়ে প্রকাশিত সাপ্তাহিক চাকরির সংবাদ

ভূমি মন্ত্রণালয়ে চাকরি

পদ সংখ্যা ২৩৮ জন

স্মারক নম্বর-৩১.০০.০০০০.০৪৬.১১.০৯৯.২৪(অংশ)-১০০২ তারিখঃ ১৮/১২/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
সার্ভেয়ার ১০২০০-২৪৬৮০/-	২৩৮ জন	সার্ভে ইনস্টিটিউটে ৪ বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং(সার্ভেয়িং)পরীক্ষায় উত্তীর্ণ।

বি.দ্র.: সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। ১৮ এপ্রিল, ২০২৪ তারিখে জারিকৃত ইস্যু ৩১.০০.০০০০.০৪৬.১১.০৯৯.২৪ (অংশ) - ৪০০ নম্বর এবং ৩০ সেপ্টেম্বর ২০২৪ তারিখে জারিকৃত ইস্যু ৩১.০০.০০০০.০৪৬.১১.০৯৯.২৪ (অংশ)-৭৬৬ নম্বর বিজ্ঞপ্তি অনুযায়ী ইতোমধ্যে যারা এই পদে আবেদন করেছেন, তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। **আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে :** সকল (সাধারণ/মুক্তিযোদ্ধা শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধী) প্রার্থীদের ক্ষেত্রেই ০১ মে ২০২৪ তারিখ পর্যন্ত বয়সসীমা ১৮-৩২ বছর হতে হবে। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকের (১) নম্বর কলামের শূন্য পদ পূরণে "ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২১" অনুসরণ করা হবে। কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্রের মূল কপি জমা দিতে হবে। সরকারের সর্বশেষ জারিকৃত নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে। **আবেদন আগামী ২৪/১২/২০২৪ তারিখ সকাল ১০.০০টা হতে ২৩/০১/২০২৫ তারিখ বিকাল ৫.০০টা পর্যন্ত অনলাইনে দাখিল করা যাবে। প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং "ক" হতে "ছ" পর্যন্ত) কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত সকল সনদের ছায়ালিপি দাখিল করতে হবে :** (ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্র; (খ) ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি; (গ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ; (ঘ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র; (ঙ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ ও জন্মনিবন্ধন সনদ; (চ) জাতীয় পরিচয়পত্র;

এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

বিমান বাংলাদেশ এয়ারলাইন্স

পদ সংখ্যা ১০৬ জন

সূত্রঃ ৩০.৩৪.০০০০.০৭৩.২৯.০০০.২৪/৯৭৩ তারিখঃ ২২/১২/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. অ্যাসি: ম্যানেজার অপারেশন্স (জিএসই) (শুধু পুরুষ) ২৬৫০০-৫৭১৫০/-	১২ জন	৪ বছর মেয়াদী বিএসসি ইঞ্জিনিয়ারিং ইন ইলেকট্রিক্যাল/ ইলেকট্রনিক্স/ মেকানিক্যাল/ অটোমোবাইল/ ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রডাকশন/ মেকাট্রোনিক্স ডিগ্রিধারী। এসএসসি ও এইচএসসি পরীক্ষায় জিপিএ ৪.৫ (৫ এর মধ্যে) বা ডিপ্লোমা ডিগ্রির ক্ষেত্রে সিজিপিএ ৩.৬ (৪ এর মধ্যে)। বিএসসি ইঞ্জিনিয়ারিং-এ সিজিপিএ ৩.০ (৪ এর মধ্যে)। 'ও' লেভেলে গড়ে যে কোনো ৫টি বিষয়ে এবং 'এ' লেভেলে গড়ে যে কোনো ২টি বিষয়ে 'বি' থাকতে হবে। কম্পিউটার জ্ঞান ও ইংরেজিতে দক্ষতা বাঞ্ছনীয়।
২. অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামার ২২৫০০-৫৪২৯০/-	০৬ জন	কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার সায়েন্স / সিএসই/ আইটি/ইইই/ ইটিই/ ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং-এ বিএসসি ডিগ্রি। এসএসসি ও এইচএসসি পরীক্ষায় জিপিএ ৩.৫ (৫ এর মধ্যে) এবং বিএসসি ইঞ্জিনিয়ারিং এর ক্ষেত্রে সিজিপিএ ৩.০ (৪ এর মধ্যে)। 'ও' লেভেলে গড়ে যে কোনো ৫টি বিষয়ে এবং 'এ' লেভেলে গড়ে যে কোনো ২টি বিষয়ে 'ডি'। কম্পিউটার জ্ঞান থাকতে হবে।
৩. জুনিয়র অফিসার লাইসেন্স এন্ড ট্রেনিং কো-অর্ডিনেটর ২২৫০০-৫৪২৯০/-	০১ জন	০৪ বছর মেয়াদী স্নাতক ডিগ্রি। এসএসসি ও এইচএসসি পরীক্ষায় জিপিএ ৩.০ (৫ এর মধ্যে) এবং স্নাতক ডিগ্রির ক্ষেত্রে সিজিপিএ ৩.০ (৪ এর মধ্যে)। 'ও' লেভেলে গড়ে যে কোনো ৫টি বিষয়ে এবং 'এ' লেভেলে গড়ে যে কোনো ২টি বিষয়ে 'ডি' থাকতে হবে। মাইক্রোসফট অফিসসহ কম্পিউটার পরিচালনার অভিজ্ঞতা এবং বাংলা ও ইংরেজিতে টাইপ করার দক্ষতা থাকতে হবে।
৪. সিনিয়র নার্সিং অ্যাসিস্ট্যান্ট ১৫৯০০-৩৮৪০০/-	০২ জন	ডিপ্লোমা ইন নার্সিং/ ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স অ্যান্ড মিডওয়াইফারি সার্টিফিকেট এবং বাংলাদেশ নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি কাউন্সিল কর্তৃক নিবন্ধিত। কম্পিউটার জ্ঞান।
৫. সিডিউলিং অ্যাসিস্ট্যান্ট (প্লানিং এন্ড সিডিউলিং) ১৫৯০০-৩৮৪০০/-	০৪ জন	স্নাতক ডিগ্রি। এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষায় জিপিএ ৩.০ (৫ এর মধ্যে) বা ডিপ্লোমা ডিগ্রিধারীদের ক্ষেত্রে সিজিপিএ ২.৮ (৪ এর মধ্যে)। স্নাতক ডিগ্রির ক্ষেত্রে সিজিপিএ ৩.০ (৪ এর মধ্যে)। 'ও' লেভেলে গড়ে যে কোনো ৫টি বিষয়ে এবং 'এ' লেভেলে গড়ে যে কোনো ২টি বিষয়ে 'সি'।

এরপর শেষ পৃষ্ঠায় দেখুন

শিক্ষা প্রকৌশল অধিদপ্তর

পদ সংখ্যা ৬৫৮ জন

নং-৩৭.০৭.০০০০.০০৮.১১.১৫৮.২৩-১৬৪৪ তারিখঃ ০৮/১২/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. হিসাবরক্ষক ১২৫০০-৩০২৩০/-	০৭ জন	ব্যবসায় শিক্ষা অনুষদভুক্ত কোনো বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি। একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি গ্রহণযোগ্য হবে না। কম্পিউটারে MS Office এ কাজ করার দক্ষতা।
২. কম্পিউটার অপারেটর ১১০০০-২৬৫৯০/-	০৮ জন	বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। কম্পিউটার মুদ্রাক্ষরে বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে।
৩. উচ্চমান সহকারী ১০২০০-২৪৬৮০/-	০৩ জন	দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটার ব্যবহারে দক্ষতা এবং মুদ্রাক্ষরে গতি ইংরেজিতে ৩০ ও বাংলায় ২৫ শব্দ।
৪. হিসাব সহকারী/হিসাব সহকারী কাম ক্যাশিয়ার / অফিস সহকারী কাম ক্যাশিয়ার, ৯৩০০-২২৪৯০/-	০৮ জন	ব্যবসায় শিক্ষা বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কম্পিউটারে MS Office এ কাজ করার দক্ষতা।
৫. ডাটা এন্ট্রি অপারেটর ৯৩০০-২২৪৯০/-	৩০৮ জন	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার মুদ্রাক্ষরে বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে।
৬. অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০- ২২৪৯০/-	২০ জন	দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার ব্যবহারে দক্ষতা এবং মুদ্রাক্ষরে গতি ইংরেজিতে ২০ ও বাংলায় ২০ শব্দ।
৭. অফিস সহায়ক ৮২৫০-২০০১০/-	৩০৪ জন	স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

2025
HAPPY NEW YEAR

সাপ্তাহিক চাকরির সংবাদ পত্রিকার সকল পাঠক, এজেন্ট, বিজ্ঞাপনদাতা, হকার ও শুভানুধ্যায়ীদের জানাই সাপ্তাহিক চাকরির সংবাদ-এর পক্ষ থেকে ইংরেজী নববর্ষের শুভেচ্ছা।

বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতি

পদ সংখ্যা ২২ জন

স্মারক নং-এস.সি.বি.এ-এস/২০২৪-২৫/৫২৭ তারিখঃ ১৯/১২/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. প্রধান নির্বাহী কর্মকর্তা বেতন গ্রেড-০৫	০১ জন	মাস্টার্স বা সমমান পরীক্ষায় পাস সহ ১০ বছরের কাজের অভিজ্ঞতা (অবসরপ্রাপ্ত আর্মি অফিসারদের অগ্রাধিকার)। বয়স : ৫০ বছর।
২. সিনিয়র আইটি অফিসার বেতন গ্রেড-০৯	০১ জন	বিএসসি (অনার্স), কম্পিউটার সাইন্স/বিএসসি (অনার্স), ইনফরমেশন টেকনোলজি সহ ৫ বছরের অভিজ্ঞতা। বয়স : ৪০ বছর।
৩. সহকারী প্রশাসনিক কর্মকর্তা বেতন গ্রেড-১১	০১ জন	অনার্স বা সমমান পরীক্ষায় পাস সহ ৩/৫ বছরের কাজের অভিজ্ঞতা (ব্যবস্থাপনা ও লোক প্রশাসন বিষয় অগ্রাধিকার)। বয়স : ৪০ বছর
৪. সহকারী হিসাব রক্ষক বেতন গ্রেড-১১	০১ জন	বি.কম/বিবিএ (অনার্স), এম.কম/এমবিএ (একাউন্টিং) পাশ সহ ৩/৫ বছরের অভিজ্ঞতা। বয়স : ৪০ বছর
৫. সহকারী লাইব্রেরীয়ান বেতন গ্রেড-১১	০১ জন	বিএ (অনার্স) এবং লাইব্রেরী সাইন্স (মাস্টার্স) পাশ সহ ৩/৫ বছরের অভিজ্ঞতা। বয়স : ৪০ বছর
৬. রিসিপশনিস্ট বেতন গ্রেড-১৪	০১ জন	স্নাতক বা সমমান পরীক্ষায় পাস সহ ৩/৫ বছরের অভিজ্ঞতা। কম্পিউটার অভিজ্ঞতা অগ্রাধিকার। বয়স : ৩৫ বছর
৭. সিকিউরিটি সুপারভাইজার বেতন গ্রেড-১৪	০১ জন	এইচএসসি বা সমমান পাস সহ ৩/৫ বছরের অভিজ্ঞতা। বয়স : ৫০ বছর
৮. সুপারভাইজার (ফুড ও শপ) বেতন গ্রেড-১৪	০১ জন	এইচএসসি অথবা সমমান পাস সহ ৩/৫ বছরের অভিজ্ঞতা। বয়স : ৩৫ বছর
৯. ইলেক্ট্রিশিয়ান-কাম-এসি টেকনিশিয়ান, গ্রেড-১৪	০১ জন	ইলেক্ট্রিক্যালে ডিপ্লোমা/ইলেক্ট্রিক্যাল ট্রেড কোর্স সম্পন্ন সহ ৩ বছরের অভিজ্ঞতা। বয়স : ৩৫ বছর
১০. স্টোর কিপার বেতন গ্রেড-১৬	০১ জন	এইচএসসি বা সমমান পরীক্ষায় পাস সহ ৩/৫ বছরের বাস্তব অভিজ্ঞতা। বয়স: ৩৫ বছর।

এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

জেলা প্রশাসক পঞ্চগড়

পদ সংখ্যা ৩১ জন

স্মারক নম্বর: ৩১.৫৫.৭৭০০.০১৭.১১.০০১.২৪.১০৩৩ তারিখঃ ১৭/১২/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. অফিস সহকারী-কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/-	০৪ জন	দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার ব্যবহারে দক্ষতা এবং মুদ্রাক্ষরের গতি ইংরেজিতে ২০ ও বাংলায় ২০ শব্দ থাকতে হবে।
২. নাজির কাম ক্যাশিয়ার ৯৩০০-২২৪৯০/-	০১ জন	দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ এইচএসসি বা সমমান পাস। কম্পিউটার ব্যবহারে দক্ষতা এবং মুদ্রাক্ষরের গতি ইংরেজিতে ২০ ও বাংলায় ২০ শব্দ।
৩. মিউটেশন-কাম- সার্টিফিকেট সহকারী ৯৩০০-২২৪৯০/-	০২ জন	দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার ব্যবহারে দক্ষতা এবং মুদ্রাক্ষরের গতি ইংরেজিতে ২০ ও বাংলায় ২০ শব্দ থাকতে হবে।
৪. সার্টিফিকেট সহকারী ৯৩০০-২২৪৯০/-	০১ জন	দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ এইচএসসি বা সমমান পাস। কম্পিউটার ব্যবহারে দক্ষতা এবং মুদ্রাক্ষরের গতি ইংরেজিতে ২০ ও বাংলায় ২০ শব্দ।
৫. অফিস সহায়ক ৮২৫০-২০০১০/-	২৩ জন	দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

নৌবাহিনী মেডিকেল কলেজ

পদ সংখ্যা ৩৩ জন

আইএসপিআর/নৌ/১৭২ তারিখঃ ১৮/১২/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
অধ্যাপক/ সহযোগী অধ্যাপক (এনাটমি-২; ফিজিওলজি-২; বায়োকেমিস্ট্রি-২)	০৬ জন	এমবিবিএস ডিগ্রিসহ বিএমডিসি কর্তৃক স্বীকৃত স্নাতকোত্তর ডিগ্রি। বিএমডিসি এর হালনাগাদ রেজিস্ট্রেশন; মেডিকেল কলেজে যে কোন বিষয়ে অধ্যাপক/ সহযোগী অধ্যাপক পদে কাজের অভিজ্ঞতা এবং বিএমডিসি কর্তৃক নির্ধারিত সকল নীতিমালা পূরণ করতে হবে।
সহকারী অধ্যাপক (এনাটমি-২; ফিজিওলজি-২; বায়োকেমিস্ট্রি-২)	০৬ জন	এমবিবিএস ডিগ্রিসহ বিএমডিসি কর্তৃক স্বীকৃত স্নাতকোত্তর ডিগ্রি। বিএমডিসি এর হালনাগাদ রেজিস্ট্রেশন; মেডিকেল কলেজে সহকারী অধ্যাপক পদে কাজের অভিজ্ঞতা, বিএমডিসি কর্তৃক নির্ধারিত সকল নীতিমালা পূরণ করতে হবে।
প্রভাষক (এনাটমি-৮; ফিজিওলজি-৭; বায়োকেমিস্ট্রি-৬)	২১ জন	এমবিবিএস ডিগ্রি। বিএমডিসি এর হালনাগাদ রেজিস্ট্রেশন। বিএমডিসি কর্তৃক নির্ধারিত সকল নীতিমালা পূরণ করতে হবে। অভিজ্ঞতা অগ্রাধিকার।

এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট

পদ সংখ্যা ০৮ জন

নং-১৬.০৫.০০০০.১০১.১১.০৭০.২৪.১২০৩ তারিখঃ ১৮/১২/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) ১৯৬০০/-	০৫ জন	স্নাতক ডিগ্রী। কম্পিউটার চালনা কাজে ০২ বছরের অভিজ্ঞতা। কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র হতে ৩ মাসের কম্পিউটার প্রশিক্ষণ। মুদ্রাক্ষরে বাংলা ২৫ ও ইংরেজি ৩০ শব্দ টাইপিং গতি থাকতে হবে।
২. ফিল্ড সুপারভাইজার (গ্রেড-১৩), ১৯৬০০/-	০৫ জন	স্নাতক ডিগ্রী। মোটর সাইকেল চালনার অভিজ্ঞতা থাকতে হবে।
৩. অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) ১৭৩৪৫/-	০১ জন	স্নাতক ডিগ্রী। কম্পিউটারে (এমএসওয়ার্ড এবং এক্সেল) পারদর্শী। মুদ্রাক্ষরে বাংলা ও ইংরেজি ২০ শব্দ টাইপিং গতি থাকতে হবে।

এরপর ৩য় পৃষ্ঠায় দেখুন

জাতীয় ক্রীড়া পরিষদ

পদ সংখ্যা ৪২ জন

স্মারক নং-৩৪.০৩.০০০০.০০৩.০৮.০৮৩.১২-৪২৮৪ তারিখঃ ১৭/১২/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. সেক্রেটারি/প্রশাসনিক কর্মকর্তা (ফেডারেশন) ২২০০০-৫৩০৬০/-	০৪ জন	ক্রীড়াক্ষেত্রে অভিজ্ঞতাসহ ২য় শ্রেণীতে স্নাতক ডিগ্রী।
২. প্রশিক্ষক, গ্রেড- ৩, ১৬০০০-৩৮৬৪০/-	২৬ জন	খেলাধুলার প্রশিক্ষণে ডিপ্লোমা।
৩. আলোকচিত্র শিল্পী ১৬০০০-৩৮৬৪০/-	০১ জন	আলোকচিত্রে ০৪(চার) বছরের অভিজ্ঞতাসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট।
৪. ইন্সট্রাক্টর ১২৫০০-৩০২৩০/-	০১ জন	শারীরিক শিক্ষা ও খেলাধুলায় ডিপ্লোমা কোর্স সনদ থাকতে হবে।
৫. ইন্সট্রাকট্রেস ১২৫০০-৩০২৩০/-	০১ জন	শারীরিক শিক্ষা ও খেলাধুলায় ডিপ্লোমা কোর্স সনদ থাকতে হবে।
৬. সাঁটলিপিকার ১১০০০-২৬৫৯০/-	০৩ জন	উচ্চমাধ্যমিক সার্টিফিকেট টাইপের গতি বাংলা ও ইংরেজিতে প্রতি মিনিটে যথাক্রমে ২৫ ও ৩০ শব্দ এবং সাঁটলিপিতে ৫০ ও ৮০ শব্দ।
৭. স্টোরকিপার, ১০২০০-২৪৬৮০/-	০১ জন	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট।
৮. কম্পাউন্ডার, ১০২০০-২৪৬৮০/-	০১ জন	কম্পাউন্ডার বিদ্যালয় সার্টিফিকেট
৯. প্রচার সহকারী, ৯৩০০-২২৪৯০/-	০১ জন	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট
১০. প্রুফ রিডার ৯৩০০-২২৪৯০/-	০১ জন	সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমান পাস।
১১. কর্মসহকারী, ৯০০০-২২৪৯০/-	০২ জন	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট

এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

বাংলালিংক 4G নেটওয়ার্ক-এ-নিয়োগ

মোট পদ সংখ্যা ৮৭৪ জন

পদের নাম	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	বেতন
১.জেলা ম্যানেজার	১১০ জন	বিএ। নিজ জেলা ১০৮ জন	বেতন-৩৮,৫০০/-
২.অডিট অফিসার	১৪৪ জন	এইচএসসি /এসএসসি সমমান। নিজ থানা	বেতন-৩৪,৫০০/-
৩.ইনচার্জ অফিসার	২১০ জন	এইচএসসি /এসএসসি /সমমান। নিজ থানায় দায়িত্ব মোতাবেক কাজ করতে হবে।	বেতন-৩০,৭৫০/-
৪. টাওয়ার সুপারভাইজার	১৮৫ জন	এসএসসি/দাখিল/সমমান। নিজ থানা দায়িত্ব মোতাবেক কাজ করতে হবে।	বেতন-২৩,৭৫০/-
৫.সিকিউরিটি গার্ড	২২৫	অষ্টম শ্রেণি। নিজ থানা	বেতন-২০,৫৫০/-

স্মারক নং:বি/এল/২০০৮২ সরাসরি বাংলালিংক 4G নেটওয়ার্ক শক্তিশালী করার জন্য কিছু সংখ্যক পুরুষ/মহিলা নিয়োগ করা হবে। **সুবিধা:** চাকরি শেষে পেনশন ছাত্র-ছাত্রীদের পড়াশোনা করার জন্য সুযোগ রয়েছে। কর্মসময় সকাল ১০ হইতে বিকেল ৫ পর্যন্ত। শুক্র ও শনিবার অফিস বন্ধ থাকিবে। **আবেদনের নিয়মাবলী:** আগ্রহী প্রার্থীদের ১ কপি পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা, জন্ম সনদ/জাতীয় পরিচয়পত্রের ফটোকপিসহ **আগামী ১৫/০১/২০২৫ইং তারিখের মধ্যে** ও দরখাস্তে পদের নাম ও মোবাইল নম্বর সহ শুধুমাত্র ই-মেইলের মাধ্যমে পাঠাতে হবে।

ই-মেইল:banglalink4g9@gmail.com

বছরে দুইটি ঈদ বোনাস পাবেন। ল্যাপটপ ও মোটর সাইকেল প্রদান করা হবে। স্থায়ীভাবে ২০ বছর পর্যন্ত চাকরি করতে পারবেন। রিটায়ার্ড আর্মি কর্মকর্তাদের সুযোগ সুবিধা আছে। যোগ্য প্রার্থীদের মোবাইল ফোনের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে। বিদ্র: উপজাতি ও নারী প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। মোবাইল: 01964-310033

বরাবর ,পরিচালক প্রধান কার্যালয় " বাংলালিংক 4G নেটওয়ার্ক "

হেড অফিস: রোড-০৮, হাউজ-০৯, গুলশান, ঢাকা-১২১২। সূত্র: দৈনিক নব অভিযান ২৬/১১/২৪ইং

যমুনা গ্রুপে চাকরি

পদ সংখ্যা ১৬৯ জন

নং, পদের নাম, বিভাগ	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
কিউসি, ল্যাব এন্ড ইটিপি বিভাগ		
১. ম্যানেজার (কিউসি)	০১ জন	এম.এস.সি (ক্যামিস্ট্রি)/বি.এস.সি (ক্যামিক্যাল ইঞ্জিনিয়ারিং)। সংশ্লিষ্ট কাজে ১২ বছরের অভিজ্ঞতা।
২. এসিস্ট্যান্ট অফিসার/ ল্যাব সুপারভাইজার	০৩ জন	এম.এস.সি (ক্যামিস্ট্রি)/বি.এস.সি (ক্যামিক্যাল ইঞ্জিনিয়ারিং)। সংশ্লিষ্ট কাজে ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
৩. এসিস্ট্যান্ট ক্যামিষ্ট	০২ জন	বি.এস.সি / এইচএসসি (বিজ্ঞান)। সংশ্লিষ্ট কাজে ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
৪. ল্যাব এসিস্ট্যান্ট /ক্যাজুয়াল হেলপার	০৫ জন	এইচএসসি/এসএসসি (বিজ্ঞান)। সংশ্লিষ্ট কাজে ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
৫. অপারেটর ইটিপি	০৩ জন	এসএসসি(বিজ্ঞান)। ১০ বছরের অভিজ্ঞতা।
৬. জুনিয়র অপারেটর	০৪ জন	এসএসসি(বিজ্ঞান)। ৬ বছরের অভিজ্ঞতা।
৭. ল্যাব বয়	০৫ জন	অষ্টম শ্রেণী। ২ বছরের অভিজ্ঞতা।
ফিনিশিং এন্ড রিম রেশিং বিভাগ		
৯. এসিস্ট্যান্ট ম্যানেজার/ এসিস্ট্যান্ট অফিসার গ্র্যাজুয়েট	০১ জন	গ্র্যাজুয়েট। সংশ্লিষ্ট কাজে ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
১০. ফিনিশিং সুপারভাইজার	০৩ জন	গ্র্যাজুয়েট /এইচএসসি পাস। সংশ্লিষ্ট কাজে ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
১১. রি-উইন্ডার অপারেটর	০৩ জন	এইচএসসি পাস। সংশ্লিষ্ট কাজে ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
১২. রি-উইন্ডার জুনিয়র অপারেটর	০৫ জন	এইচএসসি/এসএসসি। সংশ্লিষ্ট কাজে ০৮ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
১৩. শিট কাটার অপারেটর	১৬ জন	এইচএসসি/এসএসসি। সংশ্লিষ্ট কাজে ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
১৪. জুনিয়র শিট কাটার অপারেটর	১৬ জন	এইচএসসি/এসএসসি। সংশ্লিষ্ট কাজে ০৮ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
১৫. রিম র‍্যাপিং মেশিন অপারেটর	০৭ জন	এইচএসসি পাস। সংশ্লিষ্ট কাজে ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
১৬. রিম চেকার	০৫ জন	এইচএসসি/এসএসসি। সংশ্লিষ্ট কাজে ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
১৭. লেবেল ম্যান	০৫ জন	অষ্টম শ্রেণী পাস। ২ বছরের অভিজ্ঞতা।
১৮. ক্যাজুয়াল হেলপার	১০ জন	অষ্টম শ্রেণী পাস। ২ বছরের অভিজ্ঞতা।

এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড

পদ সংখ্যা ২৩ জন

সূত্র: ১৪.৩৭.০০০০.২০১.১১.০০৩.২২.৪৫১৯ তারিখঃ ১৯/১২/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. ক্রয় কর্মকর্তা ২০৪৮০-৪৯৪৪০/-	০১ জন	বাণিজ্য বিভাগে স্নাতক সম্মান/ স্নাতকোত্তর/এমবিএ পাশ। ২টি পরীক্ষায় ১ম বিভাগ/শ্রেণি বা জিপিএ ৩.৫ (জিপিএ ৫ এর ক্ষেত্রে) এবং কোন তৃতীয় বিভাগ গ্রহণযোগ্য নয়। কম্পিউটার ব্যবহারে পারদর্শী হতে হবে।
২. উপসহকারী প্রকৌশলী (উৎপাদন) ২০৪৮০-৪৯৪৪০/-	০১ জন	০৪ বছরের ডিপ্লোমা-ইন- ইঞ্জিনিয়ারিং (ইলেক্ট্রিক্যাল টেকনোলজি) পাশ। এসএসসি বা সমমানের পরীক্ষায় ১ম বিভাগ বা জিপিএ ৩.৫ (জিপিএ-৫ এর ক্ষেত্রে) এবং ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং এ সিজিপিএ ৩.০ (জিপিএ-৪ এর ক্ষেত্রে)। কম্পিউটার ব্যবহারে পারদর্শী হতে হবে।
৩. উপসহকারী প্রকৌশলী (আইটি সেল) ২০৪৮০-৪৯৪৪০/-	০১ জন	০৪ বছরের ডিপ্লোমা-ইন- ইঞ্জিনিয়ারিং (ইলেকট্রনিক্স/কম্পিউটার টেকনোলজি) পাশ এসএসসি বা সমমানে ১ম বিভাগ বা জিপিএ ৩.৫ (জিপিএ-৫ এর ক্ষেত্রে) এবং ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং এ সিজিপিএ ৩.০ (জিপিএ-৪ এর ক্ষেত্রে)। কম্পিউটার মেরামত, রক্ষণাবেক্ষণ ও তত্ত্বাবধান; নেটওয়ার্ক ও নেটওয়ার্ক ইনস্টলেশন এর অভিজ্ঞতা।
৪. উপসহকারী প্রকৌশলী (মেকানিক্যাল) ২০৪৮০-৪৯৪৪০/-	০১ জন	০৪ বছরের ডিপ্লোমা- ইন-ইঞ্জিনিয়ারিং (মেকানিক্যাল টেকনোলজি) পাশ। এসএসসি বা সমমানের পরীক্ষায় ১ম বিভাগ বা জিপিএ ৩.৫ (জিপিএ-৫ এর ক্ষেত্রে) এবং ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং এ সিজিপিএ ৩.০ (জিপিএ-৪ এর ক্ষেত্রে)। কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে।
৫. ভান্ডার সহকারী ১১৭০০-২৮২৯০/-	০২ জন	বাণিজ্য বিভাগে স্নাতক পাশ। ২টি পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ বা জিপিএ ৩.০ (জিপিএ ৫ এর ক্ষেত্রে) এবং তৃতীয় বিভাগ গ্রহণযোগ্য নয়। কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে।
৬. প্রকর্মী (ক্যাবল টেস্টিং/ল্যাব) ১১৭০০-২৮২৯০/-	০২ জন	এসএসসি ভোকেশনাল (জেনারেল ইলেক্ট্রনিক্স/জেনারেল মেকানিক্স/ জেনারেল ইলেক্ট্রিক্যাল ওয়ার্কস/ইলেক্ট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্কস/ইলেক্ট্রিক্যাল মেশিন মেইনটেন্যান্স/ মেশিন টুলস অপারেশন/ কম্পিউটার ও তথ্য প্রযুক্তি)সহ এইচএসসি বা সমমান পাশ। সকল পরীক্ষায় জিপিএ ৩.০ (জিপিএ ৫ এর ক্ষেত্রে)।
৭. মেশিন অপারেটর ১১৭০০-২৮২৯০/-	০৫ জন	এসএসসি ভোকেশনাল (জেনারেল ইলেক্ট্রনিক্স/জেনারেল মেকানিক্স/ জেনারেল ইলেক্ট্রিক্যাল ওয়ার্কস/মেশিন টুলস অপারেশন/ কম্পিউটার ও তথ্য প্রযুক্তি)সহ এইচএসসি বা সমমান পাশ। সকল পরীক্ষায় জিপিএ ৩.০ (জিপিএ ৫ এর ক্ষেত্রে)।

এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

জেলা প্রশাসক নীলফামারী

পদ সংখ্যা ৩১ জন

স্মারক নং- ০৫.৪৭.৭৩০০.০১৬.০৩.২২৬.২৪-১৫৬০ তারিখ: ১৮/১২/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. অফিস সহকারী-কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/-	০৬ জন	দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার ব্যবহারে দক্ষতা এবং মুদ্রাক্ষরের গতি ইংরেজিতে ২০ ও বাংলায় ২০ শব্দ থাকতে হবে।
২. ক্রেডিট চেকিং কাম লায়রাত সহকারী ৯৩০০-২২৪৯০/-	০৫ জন	দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার ব্যবহারে দক্ষতা এবং মুদ্রাক্ষরের গতি ইংরেজিতে ২০ ও বাংলায় ২০ শব্দ থাকতে হবে।
৩. মিউটেশন কাম সার্টিফিকেট সহকারী ৯৩০০-২২৪৯০/-	০৫ জন	দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার ব্যবহারে দক্ষতা এবং মুদ্রাক্ষরের গতি ইংরেজিতে ২০ ও বাংলায় ২০ শব্দ থাকতে হবে।
৪. সার্টিফিকেট পেশকার ৯৩০০-২২৪৯০/-	০৫ জন	দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ এইচএসসি বা সমমান পাস। কম্পিউটার ব্যবহারে দক্ষতা এবং মুদ্রাক্ষরের গতি ইংরেজিতে ২০ ও বাংলায় ২০ শব্দ।
৫. সার্টিফিকেট সহকারী ৯৩০০-২২৪৯০/-	০৫ জন	দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ এইচএসসি বা সমমান পাস। কম্পিউটার ব্যবহারে দক্ষতা এবং মুদ্রাক্ষরের গতি ইংরেজিতে ২০ ও বাংলায় ২০ শব্দ।
৬. নাজির কাম ক্যাশিয়ার ৯৩০০-২২৪৯০/-	০৫ জন	দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ এইচএসসি বা সমমান পাস। কম্পিউটার ব্যবহারে দক্ষতা এবং মুদ্রাক্ষরের গতি ইংরেজিতে ২০ ও বাংলায় ২০ শব্দ।

এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

সম্মিলিত সামরিক হাসপাতাল কুমিল্লা

পদ সংখ্যা ১৬ জন

আই এস পি আর/সেনা/৭৮১ তারিখঃ ২২/১২/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. চিকিৎসা বিশেষজ্ঞ আলোচনা সাপেক্ষ	০১ জন	এফসিপিএস/এমডি/ সমমানের ডিগ্রী। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা প্রার্থীদেরকে অগ্রাধিকার।
২. স্ত্রী রোগ বিদ্যা বিশেষজ্ঞ আলোচনা সাপেক্ষ	০১ জন	এফসিপিএস/এমএস/ সমমানের ডিগ্রী। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা অগ্রাধিকার।
৩. চর্ম ও যৌনরোগ বিশেষজ্ঞ আলোচনা সাপেক্ষ	০১ জন	এফসিপিএস/এমডি/ ডিপ্লোমা ডিগ্রী। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা অগ্রাধিকার।
৪. কিডনী রোগ বিশেষজ্ঞ আলোচনা সাপেক্ষ	০১ জন	এফসিপিএস/এমডি/ সমমানের ডিগ্রী। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা অগ্রাধিকার।
৫. শল্য চিকিৎসা বিশেষজ্ঞ (অর্থো) আলোচনা সাপেক্ষ	০১ জন	এমএস/ডিপ্লোমা (অর্থো)/ সমমানের ডিগ্রী। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা অগ্রাধিকার।
৬. মেডিকেল অফিসার আলোচনা সাপেক্ষ	০১ জন	এমবিবিএস। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার প্রদান করা হবে।
৭. মেডিকেল এ্যাসিস্টেন্ট (পুরুষ) ২৫০০০/-	০১ জন	ডিপ্লোমা/সমমান। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা অগ্রাধিকার।
৮. মেডিকেল এ্যাসিস্টেন্ট (মহিলা) ২৫০০০/-	০১ জন	ডিপ্লোমা/সমমান। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা অগ্রাধিকার।
৯. প্যারামেডিকেল/ল্যাবরেটরি টেকনিশিয়ান, ২৫০০০/-	০১ জন	ডিপ্লোমা/সমমান। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা অগ্রাধিকার।
১০. আইসিএ/ওটিএ ২৫০০০/-	০৩ জন	ডিপ্লোমা/সমমান। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা অগ্রাধিকার।
১১. অসামরিক ব্যক্তিবর্গ (আয়া/ ওয়ার্ডবয়/ পরিচ্ছন্নতাকর্মী), ১৫০০০/-	০৪ জন	অষ্টম শ্রেণী/ জেএসসি/সমমান। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার প্রদান করা হবে।

এরপর ৩য় পৃষ্ঠায় দেখুন

উপজেলা স্বাস্থ্য ক্লিনিক-এ-নিয়োগ

মোট পদ সংখ্যা ১৫৬৩ জন

স্মারক নং-ইউ/এস/সি-০০০১২৩২০০৮৯, নিয়োগ

পদের নাম ও বেতন	সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও কর্তব্য
১.উপজেলা অফিসার ৪৮,৫০০/-	১২০ জন	বিএ/সমমান। উপজেলা পর্যায়ে সকল কর্মকর্তাদের পরিচালনা ও প্রতিবেদন তৈরি করা।
২. ইউনিট অফিসার ৩৮,২০০/-	১৯৮ জন	বিএ/এইচএসসি। সকল কর্মকর্তাদের কাজ পরিচালনা করতে হবে।
৩. কমিউনিটি ব্যবস্থাপক ৩৫,৩০০/-	১৮০ জন	এইচএসসি/সমমান। কমিউনিটি পর্যায়ে সকল কর্মকর্তাদের পরিচালনা করা।
৪. পরিবার পরিকল্পনা পরিদর্শক ৩৩,২০০/-	১৭২ জন	এইচএসসি/সমমান। নিজ উপজেলা পরিদর্শন ও প্রতিবেদন তৈরি করতে হবে।
৫.প্রোগ্রাম অফিসার ২৭,৫০০/-	১৮০ জন	এইচএসসি/সমমান। নিজ উপজেলায় ফিল্ড অফিসার হিসেবে দায়িত্ব পালন করতে হবে।
৬. অফিস এক্সিকিউটিভ ২৫,৩০০/-	১৮৫ জন	এইচএসসি/সমমান। অফিস এক্সিকিউটিভ দায়িত্ব মোতাবেক সকল কাজ করতে হবে।
৭. ইউনিয়ন সুপারভাইজার ২৪,২০০/-	২৫৮ জন	এসএসসি/সমমান। ইউনিয়ন পর্যায়ে স্বাস্থ্য কর্মীদের পরিচালনা ও প্রতিবেদন তৈরী করা।
৮. স্বাস্থ্য কর্মকর্তা ২১,৮০০/-	২৭০ জন	এসএসসি/অষ্টম শ্রেণী। ইউনিয়ন পর্যায়ে কাজ করার মানসিকতা থাকতে হবে।

স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত উপজেলা স্বাস্থ্য ক্লিনিক-আর্থ সামাজিক উন্নয়নের লক্ষ্যে উপজেলা স্বাস্থ্য ক্লিনিকে নতুন ভাবে সাজিয়ে স্বাস্থ্যসেবা উন্নয়ে সকল স্বাস্থ্যসেবা, পুষ্টি, মা ও শিশু স্বাস্থ্য পরিবার পরিকল্পনা, মাতৃকালীনস্বাস্থ্যসেবা প্রান্তীক জনগোষ্ঠীর মাঝে স্বাস্থ্যসেবা পৌছে দেওয়ার লক্ষ্যে কার্যক্রম বাস্তবায়নে উপজেলা স্বাস্থ্য ক্লিনিক/স্বাস্থ্যকেন্দ্রে কাজ করতে আগ্রহী বাংলাদেশী পুরুষ/মহিলাদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। **শর্তাবলীঃ-** ১) আগ্রহী প্রার্থী দুই কপি পিপি সাইজ ছবি মোবাইল নম্বর ও পদের নাম সহ এবং জীবন বৃত্তান্ত **আগামী ০৯/০১/২০২৫ইং তারিখের মধ্যে দরখাস্ত শুধুমাত্র নিম্নের উল্লেখিত ই-মেইলের মাধ্যমে পাঠাতে হবে।** (২) উপজাতি প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। (৩) বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষা ও প্রশিক্ষণের জন্য মোবাইলের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে। নির্বাচিত প্রার্থীদের প্রশিক্ষণের ক্ষেত্রে প্রার্থীদের যাতায়াত ভাতা ও ডিএ প্রদান করা হবে। প্রশিক্ষণের সময় মূল সনদপত্র দেখাতে হবে। সকল কর্মকর্তাদের কর্মস্থল নিজ জেলা ও উপজেলার মধ্যে রাখা হবে। বিদ্র: কোন ব্যক্তি একাধিক পদে আবেদন করলে তা বাতিল বলে গন্য হবে এবং কোন প্রকার সুপারিশ গ্রহণযোগ্য নয়।

বরাবর, পরিচালক (স্বাস্থ্যসেবা বিভাগ)**"উপজেলা স্বাস্থ্য ক্লিনিক"**

প্রধান কার্যালয়:- রোড-৫/২, বাড়ি-৩৭৫/১, গুলশান-২, ঢাকা-১২১২। সূত্র: দৈনিক নবঅভিযান ২৬/১১/২৪ইং

ই-মেইলঃ ushasthok@gmail.com

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

পদ সংখ্যা ২৮ জন

স্মারক নং-এ-১(৮)/১১৩২৯(১৫০)/সাঃ তারিখঃ ১৭/১২/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল : অফিস সহায়ক-২; বাবুর্চি-১; সহকারী বাবুর্চি-২; সহকারী বাবুর্চি-১), ৮২৫০-২০০১০/-	০৬ জন	এসএসসি পাস এবং ৮ম শ্রেণি পাস।
২. অতীশ দীপংকর শ্রীজ্ঞান হল : অফিস সহায়ক-২; বাবুর্চি-১; সহকারী বাবুর্চি-২; সহকারী বাবুর্চি-১), ৮২৫০-২০০১০/-	০৬ জন	এসএসসি পাস এবং ৮ম শ্রেণি পাস।
৩. বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল : সহকারী বাবুর্চি-১, ৮২৫০-২০০১০/-	০১ জন	৮ম শ্রেণি পাস।
৪. জননেত্রী শেখ হাসিনা হল : (সহকারী বাবুর্চি-১, প্রহরী-১) ৮২৫০-২০০১০/-	০২ জন	৮ম শ্রেণি পাস।
৫. সোহরাওয়ার্দী হল: (সহকারী বাবুর্চি-১; ভোজনালয় সহকারী-১; ঝাড়ুদার-১), ৮২৫০-২০০১০/-	০৩ জন	৮ম শ্রেণি পাস।
৬. এ.এফ. রহমান হল : (ঝাড়ুদার-১; ভোজনালয় সহকারী-১; প্রহরী-১), ৮২৫০-২০০১০/-	০৩ জন	৮ম শ্রেণি পাস।
৭. শাহ আমানত হল : (অভ্যর্থী পিয়ন-১; মালী-২; ঝাড়ুদার-১; ভোজনালয় সহকারী-৩), ৮২৫০-২০০১০/-	০৭ জন	৮ম শ্রেণি পাস।

এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র

পদ সংখ্যা ৪২ জন

নং ৩৬.০৫.০০০০.০০১.১১.০০১.২৪/৮৪ তারিখঃ ১৫/১২/২০২৪

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. পরিকল্পনা কর্মকর্তা ২২০০০-৫৩০৬০/-	০১ জন	অর্থনীতি, পরিসংখ্যান বা গণিত বিষয়ে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি এবং প্রকল্প প্রণয়ন, ডিপিপি বা আরডিপি প্রণয়ন, প্রকল্পের কার্যক্রম পরিবীক্ষণ ও রিপোর্টিং কাজে ৩ বৎসরের অভিজ্ঞতা।
২. এস্টিমেটর ১২৫০০-৩০২৩০/-	০৩ জন	যন্ত্র প্রকৌশল, তড়িৎ প্রকৌশল বা অনুরূপ প্রকৌশল বিষয়ে ডিপ্লোমা।
৩. লাইব্রেরিয়ান ১১০০০-২৬৫৯০/-	০১ জন	গ্রন্থাগার বিজ্ঞানে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রী।
৪. সহকারী গুদাম রক্ষক ৯৩০০-২২৪৯০/-	০২ জন	এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কম্পিউটার চালনায় দক্ষতা।
৫. জুনিয়র টেকনিশিয়ান (মেশিন টুলস অপারেশন-১৮; জেনারেল ইলেকট্রনিক্স-২; জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস/ ইলেকট্রিক্যাল মেইনটেনেন্স ওয়ার্কস-৪; অটোমেটিভ-১; রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং-২; ওয়েল্ডিং এন্ড ফেব্রিকেশন-৪; কম্পিউটার ও তথ্য প্রযুক্তি-২), ৯৩০০-২২৪৯০/-	৩৩ জন	মাধ্যমিক স্কুল (ভোকেশনাল) সার্টিফিকেট বা Technical Training Certificate (TTC) পরীক্ষায় উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট কাজে ৩ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।
৬. জুনিয়র ড্রাফটসম্যান ৯৩০০-২২৪৯০/-	০১ জন	মাধ্যমিক স্কুল (ভোকেশনাল) সার্টিফিকেট বা Technical Training Certificate (TTC) পরীক্ষায় উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট কাজে ৩ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।
৭. পাম্প ড্রাইভার ৮৮০০-২১৩১০/-	০১ জন	মাধ্যমিক স্কুল (ভোকেশনাল) সার্টিফিকেট বা Technical Training Certificate (TTC) পরীক্ষায় উত্তীর্ণ।

এরপর ২য় পৃষ্ঠায় দেখুন

ভূমি মন্ত্রণালয়ে চাকরি

প্রথম পৃষ্ঠার পর

(ছ) মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ। শারীরিক প্রতিবন্ধী, তৃতীয় লিংগ এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত পরিপত্র অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ। লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার তারিখ ও সময়সূচি পরবর্তীতে ভূমি মন্ত্রণালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটের www.minland.gov.bd মাধ্যমে জানানো হবে এবং প্রার্থীদের ব্যক্তিগত মুঠোফোনে এসএমএস-এর মাধ্যমে জানানো হবে। অনলাইনে-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয় নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্মতারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেভাবে লেখা রয়েছে অনলাইনে আবেদন ফরমে এবং পরবর্তীতে সেভাবে লিখতে হবে। বিস্তারিত ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.minland.gov.bd) পাওয়া যাবে। প্রার্থীকে http://www.minland.teletalk.com.bd এই লিংকে প্রবেশ করে অনলাইনে পূরণ করে আবেদন করতে হবে। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী : আবেদনের সময়সীমা নিম্নরূপঃ** Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ২৪/১২/২০২৪ খ্রি. তারিখ, সকাল ১০:০০টা। Online-এ আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময়ঃ ২৩/০১/২০২৫ খ্রি. তারিখ, বিকাল ৫:০০ টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিবেন। Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি ও স্বাক্ষর স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ ৬০ KB এর মধ্যে হতে হবে। **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ** Applicant's Copy তে একটি User ID দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে ০২টি SMS করে ১নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ সার্ভিস চার্জসহ মোট ২২৩/- টাকা Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। প্রথম SMS: MINLAND <Space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে। দ্বিতীয় SMS: MINLAND <Space>Yes<Space>PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://minland.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন। স্বাক্ষরিত/- উপসচিব (মাঠ প্রশাসন-১) ও সদস্য সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি, ভূমি মন্ত্রণালয়। www.minland.gov.bd

সূত্র : যুগান্তর ১৯/১২/২০২৪ইং পৃষ্ঠা-০৮

বিমান বাংলাদেশ এয়ারলাইন্স

শেষ পৃষ্ঠার পর

বিদ্র.: বিদেশি শিক্ষা প্রতিষ্ঠান হতে অর্জিত শিক্ষা/ ডিগ্রি অথবা অন্য কোনো ডিগ্রি যা নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখ নেই সেইসব ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড / বিশ্ববিদ্যালয়/ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রি ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে। জিইডি (GED) ডিগ্রি গ্রহণযোগ্য নয়। **শর্তাবলি ও অনলাইনে আবেদনপত্র পূরণ করার নিয়মাবলিঃ** সকল পদে বয়সসীমা ২৩-১২-২০২৪ খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বোচ্চ ৩২ বছর। এসএসসি পাশের সনদপত্রের ভিত্তিতে বয়স নির্ধারিত হবে। ক্রমিক নং ০১ থেকে ১০-এর অন্তর্ভুক্ত পদসমূহের নির্বাচিত প্রার্থীগণ প্রাথমিকভাবে ০৩ বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ প্রাপ্ত হবেন। সন্তোষজনক ০৩ বছর চুক্তিভিত্তিক চাকুরি সম্পন্নের পর যোগদানের তারিখ হতে স্থায়ীভাবে আত্তীকরণ করা হবে। ক্রমিক নং ১১ এর পদসমূহের নির্বাচিত প্রার্থীগণ ৮৯ দিন ভিত্তিতে (শর্তসাপেক্ষে নবায়নযোগ্য) নিয়োগ প্রাপ্ত হবেন। নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোনো সংশোধন, সংযোজন (যদি থাকে) বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড এর ওয়েবসাইটে www.biman.gov.bd এবং www.biman-airlines.com প্রকাশ করা হবে। চাকুরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে/অনুমতিক্রমে আবেদন করতে হবে। বিভিন্ন পদসমূহের নিয়োগ পরীক্ষা একইদিনে অনুষ্ঠিত হতে পারে। সেক্ষেত্রে প্রার্থীগণ নিজ দায়িত্বে একাধিক পদে আবেদন করবেন। প্রার্থী নির্বাচনে সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও করণীয়ঃ** পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://bbal.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। **আবেদনের সময়সীমা নিম্নরূপঃ** অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদানের শুরুর তারিখ ও সময়: ২৩-১২-২০২৪ খ্রিঃ, সকাল ১০:০০টা। **অনলাইনে আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময়ঃ ০১-০১-২০২৫ খ্রিঃ, বিকাল ০৫:০০টা।** উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিবেন। Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি ও স্বাক্ষর স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ ৬০ KB এর মধ্যে হতে হবে। **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ** Applicant's Copy তে একটি User ID দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে ০২টি SMS করে ১নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ সার্ভিস চার্জসহ মোট ৬৬৯/-, ২নং থেকে ৫নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ সার্ভিস চার্জসহ মোট ৫৫৮/-, ৬নং থেকে ৮নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ সার্ভিস চার্জসহ মোট ৩৩৫/-, ৯নং থেকে ১১নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ সার্ভিস চার্জসহ মোট ২২৩/- টাকা Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। প্রথম SMS: BBAL4 <Space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে। দ্বিতীয় SMS: BBAL4 <Space>Yes<Space>PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bbal.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন। **লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক সাক্ষাৎকারের পূর্বে নিম্নবর্ণিত সনদ/দলিল/প্রমাণপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবেঃ** (১) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি, (২) প্রবেশপত্রের ফটোকপি, (৩) সদ্য তোলা ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, (৪) শিক্ষাগত সকল সনদ ও ট্রান্সক্রিপ্টের ফটোকপি, (৫) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, (৬) নিজ জেলার সমর্থনে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা/সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কাউন্সিলরের প্রদত্ত সনদ, (৭) অভিজ্ঞতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)। স্বাক্ষরিত/- মোহাম্মদ জহুরুল আলম, ব্যবস্থাপক প্রশাসন, নিয়োগ শাখা, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড, বলাকা, কুর্মিটোলা, ঢাকা-১২২৯। ফোনঃ ৮৯০১৬০০ এক্সঃ ২১৫৪, ২১৫৭; www.biman.gov.bd

সূত্র : ইত্তেফাক ২৩/১২/২০২৪ইং পৃষ্ঠা-০৪

বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতি

প্রথম পৃষ্ঠার পর

১১. সহকারী সুপারভাইজার (ক্রয়), গ্রেড-১৬	০১ জন	এইচএসসি বা সমমান পরীক্ষায় পাস সহ ৩/৫ বছরের বাস্তব অভিজ্ঞতা। বয়স: ৩৫ বছর।
১২. মোয়াজ্জেন, মসজিদ বেতন গ্রেড-১৬	০১ জন	আলিম অথবা সমমান পাস সহ ৩/৫ বছরের অভিজ্ঞতা। বয়স : ৩৫ বছর।
১৩. অফিস সহকারী, হিসাব শাখা, গ্রেড-১৬	০১ জন	এইচএসসি বা সমমান পরীক্ষায় পাস সহ ৩/৫ বছরের অভিজ্ঞতা। বয়সঃ ৩৫ বছর।
১৪. পিয়ন, অফিস বেতন গ্রেড-১৭	০১ জন	এসএসসি পাস সহ কমপক্ষে ৩/৫ বছরের অভিজ্ঞতা। বয়স : ৩৫ বছর।
১৫. পিয়ন, লাইব্রেরী বেতন গ্রেড-১৭	০১ জন	এসএসসি পাস সহ কমপক্ষে ৩/৫ বছরের অভিজ্ঞতা। বয়স : ৩৫ বছর।
১৬. খাদেম, মসজিদ বেতন গ্রেড-১৮	০১ জন	দাখিল অথবা সমমান পাস সহ ৩/৫ বছরের অভিজ্ঞতা। বয়স : ৩৫ বছর।
১৭. সিকিউরিটি গার্ড বেতন গ্রেড-১৯	০২ জন	অষ্টম শ্রেণী পাস সহ কমপক্ষে ৩/৫ বছরের অভিজ্ঞতা। বয়স : ৩৫ বছর।
১৮. ফরাস (মহিলা), এনেক্স মসজিদ ও ডে-কেয়ার সেন্টার, গ্রেড-২০	০২ জন	অষ্টম শ্রেণী পাস সহ ৩/৫ বছরের অভিজ্ঞতা। বয়স : ৩৫ বছর।
১৯. ফরাস (পুরুষ), লাইব্রেরী ও পুল ক্লাব, বেতন গ্রেড-২০	০২ জন	অষ্টম শ্রেণী পাস সহ ৩/৫ বছরের অভিজ্ঞতা। বয়স : ৩৫ বছর।

বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতিতে শূন্য পদের বিপরীতে আর্থিক ও প্রশাসনিক কাজে দক্ষ ও অভিজ্ঞতা সম্পন্ন লোক নিয়োগ দেওয়া হবে। আগ্রহী প্রার্থীদের আবেদন পত্রের সাথে জীবন বৃত্তান্ত, পাসপোর্ট সাইজের ০২ কপি ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা সনদের ফটোকপি, জাতীয় পরিচয়পত্র সহ আগামী ৩১/১২/২০২৪ ইং তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর আবেদন করার জন্য অনুরোধ করা যাচ্ছে। স্বাক্ষরিত/- মোঃ মাহফুজুর রহমান (মিলন), ভারপ্রাপ্ত সম্পাদক, বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতি।

সূত্র : বাংলাদেশ প্রতিদিন ২০/১২/২০২৪ইং পৃষ্ঠা-০৭

শিক্ষা প্রকৌশল অধিদপ্তর

প্রথম পৃষ্ঠার পর

নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবেঃ সকল পদে ০১/১২/২০২৪ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূল কপি জমা দিতে হবে। নিয়োগের ক্ষেত্রে সরকারি বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে। এক জেলার বাসিন্দা অন্য জেলার বাসিন্দা হিসেবে আবেদন করতে পারবেন না। এ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকের ০১ ও ০৪ নং ক্রমিকের শূন্য পদ পূরণে 'শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২১, ০২ ও ০৫ নং ক্রমিকের শূন্য পদ পূরণে 'সরকারী প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এবং ০৩, ০৬ ও ০৭ নং ক্রমিকের শূন্য পদ পূরণে মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুসরণ করা হবে (সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালাসমূহ শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ওয়েবসাইট- www.eedmoe.gov.bd তে পাওয়া যাবে)। Online-এ আবেদন ও পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। **আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী :** পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণ http://eedmoe.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন **আবেদনের সময়সীমা নিম্নরূপ :** Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ২৬/১২/২০২৪, সকাল ১০.০০ টা। **Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ২০/০১/২০২৫, বিকাল ৫.০০ টা।** উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিবেন। Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি ও স্বাক্ষর স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ ৬০ KB এর মধ্যে হতে হবে। **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ** Applicant's Copy তে একটি User ID দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে ০২টি SMS করে ১নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ সার্ভিস চার্জসহ মোট ৩৩৫/-, ২নং থেকে ৬নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ সার্ভিস চার্জসহ মোট ২২৩/- টাকা এবং ৭নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ সার্ভিস চার্জসহ মোট ১১২/- টাকা Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। প্রথম SMS: EEDMOE <Space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে। দ্বিতীয় SMS: EEDMOE <Space>Yes<Space>PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://eedmoe.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য (www.eedmoe.gov.bd) ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে। **মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে :** (ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্র); (খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন/ক্যান্টনমেন্ট বোর্ডের বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ক্যান্টনমেন্ট বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র; (গ) কোটা দাবির সমর্থনে প্রার্থীকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ফটোকপি; (ঘ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানরা যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে; (ঙ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র; (চ) জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) এর সত্যায়িত অনুলিপি; (ছ) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy); (জ) প্রবেশপত্রের কপি। স্বাক্ষরিত/- (ড. অমিতাভ চক্রবর্তী), উপসচিব পরিচালক (প্রশাসন ও অর্থ), ও সভাপতি, "নিয়োগ/ পদোন্নতি/ টাইমস্কেল/ সিলেকশন গ্রেড প্রদান কমিটি", শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রশাসন শাখা, শিক্ষা ভবন (২য় ব্লক), ঢাকা। www.eedmoe.gov.bd

সূত্র : ইত্তেফাক ০৯/১২/২০২৪ইং পৃষ্ঠা-০৭

জাতীয় ক্রীড়া পরিষদ

প্রথম পৃষ্ঠার পর

আবেদনের শর্তাবলী : আবেদনকারীকে যথাযথভাবে সঠিক তথ্যসহ সরকারি চাকরির নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। জাতীয় ক্রীড়া পরিষদের ওয়েবসাইটে (www.nsc.gov.bd) উক্ত আবেদন ফরম পাওয়া যাবে। **আবেদনকারীকে সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০ ঠিকানাযুক্ত খামে (খামে পদের নাম ও জেলা উল্লেখসহ) ১৫ জানুয়ারি ২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে সরাসরি অথবা ডাকযোগে অফিস চলাকালীন নির্ধারিত সময়ে পৌঁছাতে হবে।** নিয়োগ সংক্রান্ত সকল হালনাগাদ তথ্য, ফলাফল, পরীক্ষা সংক্রান্ত কার্যক্রম জাতীয় ক্রীড়া পরিষদের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। আবেদনকারীকে পরীক্ষার ফি বাবদ যে কোন তফসিলী ব্যাংক হতে ২০০/- টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জাতীয় ক্রীড়া পরিষদ-এর অনুকূলে আবেদনপত্রের সাথে জমা দিতে হবে। আবেদনপত্রের সাথে সম্প্রতি তোলা ০৩ কপি (৫×৫ সেন্টিমি) সাইজের সত্যায়িত রঙিন ছবি সংযুক্ত করতে হবে। আবেদনপত্রের সাথে কোন সনদ/সনদের ছায়াকপি সংযুক্ত করার প্রয়োজন নেই কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ে সনদ/সনদের মূল কপি উপস্থাপন করতে হবে। নিয়োগের ক্ষেত্রে সরকারি সিদ্ধান্ত অনুযায়ী প্রচলিত সকল কোটা পদ্ধতি অনুসরণ করা হবে। চাকুরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং ১৯ জানুয়ারি ২০২৫ তারিখে অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে। ১৫ জানুয়ারি ২০২৫ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩২ বৎসর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। বিদেশী ডিগ্রীর ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর সমতাকরণ সনদ দাখিল করতে হবে। ০২। জাতীয় ক্রীড়া পরিষদ নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাবলী সংশোধন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে। স্বাক্ষরিত/- এস এম সাইফুল ইসলাম, উপ-পরিচালক (ঢাকা বিভাগ) জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা। ফোনঃ ৪১০৫০০৫৫; www.nsc.gov.bd

সূত্র : ওয়েবসাইট- www.nsc.gov.bd

যমুনা গ্রুপে চাকরি

প্রথম পৃষ্ঠার পর

ইলেকট্রিক্যাল বিভাগ		
১৯. ম্যানেজার (ইলেকট্রিক্যাল)	০১ জন	বিএসসি (ইইই)/ডিপ্লোমা (ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং)। ১০ বছরের অভিজ্ঞতা।
২০. ইঞ্জিনিয়ার/সিনিয়র ইঞ্জিনিয়ার (ইলেকট্রিক্যাল)	০২ জন	বিএসসি (ইইই)/ডিপ্লোমা (ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং)। ১০ বছরের অভিজ্ঞতা।
২১. সিনিয়র ফোরম্যান /ফোরম্যান/ জুনিয়র ফোরম্যান	০৪ জন	এইচএসসি/এসএসসি। সংশ্লিষ্ট কাজে ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
২২. সি. ইলেকট্রিশিয়ান/ ইলেকট্রিশিয়ান / জুনিয়র ইলেকট্রিশিয়ান	১০ জন	এইচএসসি/এসএসসি। সংশ্লিষ্ট কাজে ১০ বছরের অভিজ্ঞতা।
২৩. ফেব্রিকেটর	০২ জন	এইচএসসি/এসএসসি। ১০ বছরের অভিজ্ঞতা।
২৪. ক্যাজুয়াল হেলপার	১০ জন	এইচএসসি/এসএসসি পাস।
২৫. সিনিয়র ফোরম্যান /ফোরম্যান	০১ জন	এইচএসসি/এসএসসি। সংশ্লিষ্ট কাজে ১৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
২৬. জুনিয়র ফোরম্যান /সিনিয়র ইন্সট্রুমেন্ট টেকনিশিয়ান	০৪ জন	এইচএসসি/এসএসসি। সংশ্লিষ্ট কাজে ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
২৭. ইন্সট্রুমেন্ট টেকনিশিয়ান	০৪ জন	এইচএসসি/এসএসসি। সংশ্লিষ্ট কাজে ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
২৮. জুনিয়র ইন্সট্রুমেন্ট টেকনিশিয়ান/হেলপার	০৪ জন	এইচএসসি/এসএসসি। সংশ্লিষ্ট কাজে ০৬ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
২৯. ফর্কলিফট ড্রাইভার	৪০ জন	এইচএসসি/এসএসসি। সংশ্লিষ্ট কাজে ০৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

বিদ্রঃ পেপার মিলস এ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। অধিকতর অভিজ্ঞতা সম্পন্ন যোগ্য প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। আবেদন এর সময় অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে। যমুনা গ্রুপের অন্যতম অঙ্গ প্রতিষ্ঠান **যমুনা ইন্ডাস্ট্রিয়াল পার্ক, বেজুরা, মাধবপুর, হবিগঞ্জ** এ **"যমুনা পেপার মিলস্ লিঃ"** এর জন্য আকর্ষণীয় বেতনে উল্লেখিত পদে অভিজ্ঞ, দক্ষ ও যোগ্যতা সম্পন্ন লোক নিয়োগ করা হবে। আগ্রহী প্রার্থীগণকে পূর্ণ জীবন বৃত্তান্ত, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, সদ্য তোলা ০৩ পাসপোর্ট সাইজের ছবি ও আবেদন পত্র আগামী ৩১শে ডিসেম্বর, ২০২৪ তারিখের মধ্যে নিম্ন ঠিকানায় অথবা hr@jamunagroup-bd.com ই-মেইল এর মাধ্যমে পাঠানোর জন্য অনুরোধ করা হল। পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন), যমুনা গ্রুপ, যমুনা ফিউচার পার্ক, ক-২৪৪, কুড়িল, প্রগতি স্বরণী, বারিধারা, ঢাকা-১২২৯।

সূত্র : বাংলাদেশ প্রতিদিন ২২/১২/২০২৪ইং পৃষ্ঠা-০৭

বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড

প্রথম পৃষ্ঠার পর

৮. জেনারেটর অপারেটর ১১৭০০-২৮২৯০/-	০১ জন	এসএসসি ভোকেশনাল (অটোমোটিভ/জেনারেল মেকানিক্স/মেশিন টুলস অপারেশন/ইলেট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্কস)সহ এইচএসসি বা সমমান পাশ। সকল পরীক্ষায় জিপিএ ৩.০ (জিপিএ ৫ এর ক্ষেত্রে) থাকতে হবে।
৯. প্রকর্মী (মটর গ্যারেজ) ১১৪৪০-২৭৬৪০/-	০১ জন	এসএসসি ভোকেশনাল (অটোমোটিভ) পাশ। মটর গ্যারেজে গাড়ী মেরামতের কাজে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। সকল পরীক্ষায় জিপিএ ২.০ (জিপিএ ৫ এর ক্ষেত্রে) থাকতে হবে।
